

## বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন

### উল্লেখযোগ্য সাম্প্রতিক কার্যক্রম

#### বিসিএস পরীক্ষা সংক্রান্তঃ

##### ৩৪ তম বিসিএস পরীক্ষাঃ

ক্যাডার পদে নিয়োগের সুপারিশ	:	২১৭৭
[শিক্ষক পদে ৭৯৯ জন ও চিকিৎসক পদে ২৪০ জনসহ]		
প্রথম ও দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার পদে সুপারিশ	:	২২৫৯ (সর্বশেষ ১৪.০৮.২০১৬ তারিখে সুপারিশ করা হয়)
মোট সুপারিশ	:	৪৪৩৬

[পিএসসির ইতিহাসে প্রথমবারের মত ৩৪ তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ক্যাডার পদ পাননি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে ৮৯৮ জন ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক পদে ৪৫০ জনকে নিয়োগের সুপারিশ করা হয়েছে।]

##### ৩৫ তম বিসিএস পরীক্ষাঃ

ক্যাডার পদে নিয়োগের সুপারিশ	:	২১৫৮
[শিক্ষক পদে ৮৬২ জন ও চিকিৎসক পদে ৪৫৪ জনসহ]		
এ পর্যন্ত মোট সুপারিশ	:	২১৫৮

[নন-ক্যাডার পদের অধিযাচন পত্র প্রেরণের জন্য সকল মন্ত্রণালয় / বিভাগকে পত্র দেয়া হয়েছে। অধিযাচন যথাসময়ে পাওয়া গেলে ন্যূনতম ৩০০০ প্রার্থীকে ৩৫ তম বিসিএস থেকে সুপারিশ করা যাবে।]

##### ৩৬ তম বিসিএসঃ

- ৩৬তম বিসিএস এর প্রার্থী সংখ্যা ২,২১,৩২৬। প্রিলিমিনারি পরীক্ষায় ১৩,৮৩০ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছে। ০১ সেপ্টেম্বর ২০১৬ থেকে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

##### ৩৭ তম বিসিএসঃ

- ৩৭ তম বিসিএস এর প্রার্থী সংখ্যা ২,৪৩,৪৭৬। ৩০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

#### নন-ক্যাডার পদে নিয়োগঃ

- ৯৬০৯ টি দ্বিতীয় শ্রেণির সিনিয়র স্টাফ নার্স পদে নিয়োগের সুপারিশ করা হয়েছে।
- ৪১১ টি দ্বিতীয় শ্রেণির সহকারী রাজস্ব কর্মকর্তা পদের লিখিত পরীক্ষার পর মৌখিক পরীক্ষা গ্রহণের তারিখ দেয়া হয়েছে। নভেম্বর ২০১৬ এর শেষে চূড়ান্ত সুপারিশ প্রদান সম্ভব হবে।
- দ্বিতীয় শ্রেণি সার্কেল এ্যাডজুটেন্ট/ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার ৩০২ পদের মৌখিক পরীক্ষা নভেম্বর ২০১৬ মাসে অনুষ্ঠিত হবে। নভেম্বর ২০১৬ মাসের শেষের দিকে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা সম্ভব হবে।
- এছাড়াও অন্যান্য নিয়োগ পরীক্ষার সুপারিশের কার্যক্রম চলমান আছে।

বিভিন্ন ক্যাডারের কর্মকর্তাদের জুন/২০১৬ এর বিভাগীয় পরীক্ষা ২০ জুলাই ২০১৬ তারিখ সমাপ্ত হয়েছে। অংশগ্রহণকারী পরীক্ষার্থীর মোট সংখ্যা ৫০৯২ জন।

বিভিন্ন ক্যাডারের কর্মকর্তাদের আগস্ট/২০১৬ এর সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা ৩০ আগস্ট ২০১৬ সমাপ্ত হয়েছে। অংশগ্রহণকারী পরীক্ষার্থীর মোট সংখ্যা ৩০২২ জন।

### ফলাফল ব্যবস্থাপনার অটোমেশন :

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের ফলাফল ব্যবস্থাপনা অর্থাৎ মেধা, মুক্তিযোদ্ধা কোটা, মহিলা কোটা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা, প্রতিবন্ধী কোটা ইত্যাদি বন্টন এখনও ম্যানুয়েল পদ্ধতিতে করা হয়ে থাকে। এই ফলাফল ব্যবস্থাপনা অটোমেশন করতে পারলে পরীক্ষার ফলাফল প্রদানের সময় হ্রাস করা সম্ভব। এই প্রথমবার ৩৫তম বিসিএস -এর ফলাফল ম্যানুয়েল পদ্ধতির পাশাপাশি অটোমেশন পদ্ধতির ট্রায়াল করা হয়েছে। ভবিষ্যতে ফলাফল প্রক্রিয়ায়ন সম্পূর্ণরূপে অটোমেশন করে আরও সময় হ্রাসের পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কাজ করা হচ্ছে।

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক বিভিন্ন সময়ের  
ক্যাডার ও নন-ক্যাডার পদে সুপারিশের  
একটি তুলনামূলক বিবরণী :

সময়কাল	ক্যাডার পদে মোট সুপারিশ	নন-ক্যাডার পদে মোট সুপারিশ
২০০৯-১৬	২৬,১৭৯	২৮,৪১৬
২০০১-০৭	১২,৭৯৩	৪,১৯৪